

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
(সংস্থাপন-১)  
(www.molc.gov.bd)

নং ৪০.০০.০০০০.০২০.৩৮.১৩৮.২০১৩-

তারিখঃ ০৫-১২-২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মোঃ জাকির হোসেন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনাতে কর্মরত। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ১৬-০৫-২০১৯ খ্রিঃ তারিখে ৪০.০০.০০০০.০২০.০১.০২৩.১৭-৭৭ নং প্রজ্ঞাপন মূলে পূর্ববর্তী পদ উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব) এবং পূর্ববর্তী কর্মস্থল উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার হতে সহকারী মহাপরিদর্শক (সাধারণ) হিসেবে উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনায় বদলি করা হয়। পূর্ববর্তী কর্মস্থল উপমহাপরিদর্শকের কার্যালয় মৌলভীবাজার থেকে বর্তমান কর্মস্থল পাবনায় বদলির আদেশের প্রেক্ষিতে তা বাতিলসহ পূর্বপদ অর্থাৎ উপমহাপরিদর্শকের চলতি দায়িত্বে থাকার জন্য সরকারের উচ্চপদস্থ ব্যক্তিবর্গকে দিয়ে তদবির ও সুপারিশ করেন। সরকারি কর্মচারি হিসেবে কোন ব্যক্তি উর্ধ্বতন কর্মকর্তা বা সরকারের উচ্চপদস্থ কাউকে দিয়ে এ জাতীয় তদবির করার চেষ্টা করা বা সুপারিশের জন্য দলগতভাবে কোন ব্যক্তি কর্তৃপক্ষের আশ্রয় প্রশ্রয় গ্রহণ করা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর লঙ্ঘন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ২ (খ) অনুযায়ী অসদাচরণের আওতাভুক্ত এবং বিধি ৩ (খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনাব মোঃ জাকির হোসেনের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য বলা হয়। এ পরিপ্রেক্ষিতে তিনি অভিযোগনামার জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানী চেয়ে সচিব বরাবর আবেদন করেন। গত ০৫-১২-২০১৯ তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে জনাব মোঃ জাকির হোসেন তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করেন। তার সহস্বে লিখিত জবাব পর্যালোচনা করা হয়। স্বহস্তে লিখিত বক্তব্যে মোঃ জাকির হোসেন জানান যে, তার বিরুদ্ধে আনীত অভিযোগের সাথে তার কোন প্রকার সংশ্লিষ্টতা নেই। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ১৬-০৫-২০১৯ খ্রিঃ তারিখের ৪০.০০.০০০০.০২০.০১.০২৩.১৭-৭৭ নং প্রজ্ঞাপন মোতাবেক তিনি বিগত ২৮-০৫-২০১৯ তারিখে সহকারী মহাপরিদর্শক পদে নতুন কর্মস্থল উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনায় যথাসময়ে যোগদান করে তিনি তার দায়িত্ব যথাযথভাবে পালন করে যাচ্ছেন। মন্ত্রণালয়ের উল্লেখিত আদেশের পরিপ্রেক্ষিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ বা কোন সরকারের উচ্চপদস্থ কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নিকট তিনি তার বদলি আদেশ বাতিল বা পূর্বপদ উপমহাপরিদর্শকের চলতি দায়িত্ব প্রদানের জন্য কোন প্রকার লিখিত অথবা মৌখিক সুপারিশের জন্য কারও নিকট কোন তদবির বা অনুরোধ করেননি।

যেহেতু জনাব মোঃ জাকির হোসেন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুর প্রেক্ষিতে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী এবং স্বহস্তে লিখিত জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ অস্বীকার করেন। তার ব্যক্তিগত শুনানী এবং লিখিত জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক বিবেচিত হওয়ায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়নি মর্মে প্রতীয়মান।

যেহেতু জনাব মোঃ জাকির হোসেন সহকারী মহাপরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনার এর অভিযোগ, লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করে সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত না হওয়ায় তাকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(কে এম আলী আজম)

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

নং ৪০.০০.০০০০.০২০.৩৮.১৩৮.২০১৩-

তারিখঃ ০৫-১২-২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:


১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৩। প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, লাইব্রেরী বাজার, ডিসি রোড, পাবনা।

৫। মোঃ জাকির হোসেন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, লাইব্রেরী বাজার, ডিসি রোড, পাবনা।  
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা।

  
৬.১১.২০১৯  
(দিল আফরোজা বেগম)  
উপসচিব (সংস্থাপন-১)  
ফোন-৯৫৭৭১৪০